

চবির 'বি' ইউনিটের ভর্তি পরীক্ষায় ৮০ শতাংশই ফেল

চট্টগ্রাম ব্যুরো

১৭ মার্চ ২০২৫, ১২:০০ এএম



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষের 'বি' ইউনিটের প্রথম বর্ষের (স্নাতক) ভর্তি পরীক্ষার ফল প্রকাশ হয়েছে। এতে অংশ নেওয়া ৬২ হাজার ৫২৫ পরীক্ষার্থীর মধ্যে পাস করেছেন ১২ হাজার ৬৫৬ জন। সে হিসাবে ফেল করেছেন ৭৯ দশমিক ৭৬ শতাংশ শিক্ষার্থী। গতকাল রবিবার বিশ্ববিদ্যালয়ের ভেরিফায়েড ফেসবুক পেজ ও ওয়েবসাইটে এই ফল প্রকাশিত হয়।

'বি' ইউনিটের ভর্তি পরীক্ষার সমন্বয়ক কলা ও মানববিদ্যা অনুষদের ডিন অধ্যাপক ড. মো. ইকবাল শাহীন খান বলেন, কলা ও মানববিদ্যা অনুষদভুক্ত 'বি' ইউনিটের অধীনে আসন রয়েছে ১ হাজার ২২১টি। এর বিপরীতে আবেদন করেন ৭৩ হাজার ১৭১ জন শিক্ষার্থী।

তবে তিনটি কেন্দ্রে মোট উপস্থিত ছিলেন ৬২ হাজার ৫২৫ জন শিক্ষার্থী। এর মধ্যে উত্তীর্ণ হয়েছেন ১২ হাজার ৬৫৬ জন।

গত ৮ মার্চ তিন বিভাগীয় শহরে (ঢাকা, চট্টগ্রাম ও রাজশাহী) 'বি' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়।

জানা গেছে, আগামী ২২ মার্চ সমাজবিজ্ঞান অনুষদভুক্ত 'ডি' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং 'ডি-১' উপ-ইউনিটের ভর্তি পরীক্ষা ২৪ মার্চ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কেন্দ্রে অনুষ্ঠিত হওয়ার মধ্য দিয়ে শেষ হবে এবারের ভর্তিযুদ্ধ।